

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

নম্বর : ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১৭.০০১.১৮- ০৭

তারিখ : ১৮.০২.২০১৮

বিজ্ঞপ্তি

বিষয় : গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন স্থাপত্য অধিদপ্তরের “সহকারী স্থপতি” (৯ম গ্রেড) পদে ফলাফল স্থগিত ০১ জন প্রার্থীর ফলাফল প্রকাশ এবং সাধারণ পুলের আওতায় নিয়োগযোগ্য আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের অধীন লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের “ব্যক্তিগত কর্মকর্তা” (১০ম গ্রেড) এর ১টি পদে প্যানেল থেকে প্রার্থী মনোনয়ন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ২৮.১১.২০১৭ তারিখের ৮০.০০.০০২৬. ৩০১(গোপনীয়).১৭.০০১.১৭-৪২০ নং স্মারকে প্রকাশিত ফলাফল বিজ্ঞপ্তিতে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন স্থাপত্য অধিদপ্তরের “সহকারী স্থপতি” (৯ম গ্রেড) পদে তথ্য বিভ্রাট/প্রশাসনিক কারণে ০১ জন প্রার্থীর ফলাফল স্থগিত রাখা হয়। পরবর্তীতে উক্ত প্রার্থীর বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য গঠিত উচ্চ পর্যায়ের কমিটির সুপারিশের ভিত্তিতে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন স্থাপত্য অধিদপ্তরের “সহকারী স্থপতি” (৯ম গ্রেড) পদে নিম্নোক্ত রেজিঃ নম্বরধারী প্রার্থীকে কমিশন কর্তৃক সাময়িকভাবে (Provisionally) সুপারিশ করা হয়েছে :

রেজিঃ নং ০০০১৭১ = ০১ জন।

২. আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের “ব্যক্তিগত কর্মকর্তা” (১০ম গ্রেড) এর ১টি পদে প্যানেল থেকে নিয়োগের জন্য নিম্নোক্ত রেজিঃ নম্বরধারী প্রার্থীকে কমিশন কর্তৃক সাময়িকভাবে (Provisionally) নির্বাচন করা হয়েছে :

রেজিঃ নং ৫৯১১৪৮ = ০১ জন।

৩. সাময়িকভাবে সুপারিশকৃত প্রার্থীদের ক্ষেত্রে পরবর্তীকালে যে কোনো সময়ে কোনো যোগ্যতার বা কাগজপত্রাদির ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করলে বা যে কোনো গুরুতর (Substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর সুপারিশ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে। চাকুরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে চাকুরি হতে বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে যে কোনো উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪. মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযথ এজেন্সি কর্তৃক প্রাক-নিয়োগ জীবন-বৃত্তান্ত যাচাই এর পর নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রার্থীকে নিয়োগ প্রদান করবে। মুক্তিযোদ্ধা কোটায় সুপারিশপ্রাপ্ত প্রার্থীর মুক্তিযোদ্ধা সনদ/মুক্তিযোদ্ধা সংক্রান্ত তথ্যাদি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৯ জুন, ২০১৭ তারিখের ৭৭২ নং পরিপত্র অনুসরণপূর্বক নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করবেন। সুপারিশকৃত প্রার্থীদেরকে সংশ্লিষ্ট দপ্তরের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

৫. প্রকাশিত ফলাফলে কোন ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের ক্ষমতা কমিশন সংরক্ষণ করে।

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(অতিরিক্ত সচিব)